

নির্বাচনে হেরে যা বললেন শিবিরের ভিপি প্রার্থী

অনলাইন ডেস্ক



ফাইল ছবি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় শিক্ষার্থী সংসদ (জাকসু) নির্বাচনে শিবির সমর্থিত প্যানেল বড় জয়লাভ করলেও ভিপি পদে পরাজিত হয়েছেন আরিফ উল্লাহ। এ পদে তিনি ২ হাজার ৩৯২ ভোট পেয়েছেন। আর বিজয়ী স্বতন্ত্র প্রার্থী আব্দুর রশিদ জিতু পেয়েছেন ৩ হাজার ৩৩২ ভোট।

শনিবার বিকেলে ফলাফল ঘোষণার সময় নির্বাচন কমিশনে উপস্থিত ছিলেন আরিফ উল্লাহ।

তিনি তৎক্ষণাৎ বিজয়ী প্রার্থী আব্দুর রশিদ জিতুকে অভিনন্দন জানিয়েছেন। পরে সংবাদ সম্মেলন করে জাকসুর নির্বাচিত নেতাদের সঙ্গে কাজ করার প্রত্যয় ব্যক্ত করেন তিনি।

আরিফ উল্লাহ জুলাই গণ-অভ্যুত্থানে শহীদদের স্মরণ ও আহতদের স্মরণ করে সংবাদ সম্মেলনে বলেন, আজ ছাত্রশিবিরের প্যানেল থেকে ২০ জন নির্বাচিত হয়েছেন এবং অন্য আরো ৫ জন নির্বাচিত হয়েছেন। তাদের সবাইকে অভিনন্দন জানাচ্ছি।

তারা যেন এই বিশ্ববিদ্যালয়কে একটি আধুনিক ও বিশ্বের সেরা বিশ্ববিদ্যালয়ে পরিণত করতে পারেন সে আশাবাদ ব্যক্ত করছি।

তিনি বলেন, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় এমন একটি জায়গা, যেখানে ছাত্রশিবিরের নাম শুনেই পাখির মতো গুলি করে মেরে ফেলা হয়। অথচ এখানে আসা অতিথি পাখি মারলেই তাদের বিচার হয়। সেই জায়গায় আমরা জাকসু নির্বাচনে একটি পূর্ণাঙ্গ প্যানেল দিতে পেরেছি।

সেখানে ২৫ জনের মধ্যে ২০ জনই জয়লাভ করেছে।

তিনি আরো বলেন, যারা নির্বাচনে বিজয়ী হয়েছেন সবাই আমার ভাই ও বোন। আমি তাদের শুভেচ্ছা জানাই। নির্বাচনে যারা জয়ী হয়েছেন তাদের দায়িত্ব পালনে সব সময় সহযোগিতা করব। তারা যাতে সহজেই তাদের প্রতিশ্রুতিগুলো বাস্তবায়ন করতে পারেন সে জন্য কাজ করব।

